

করোটিতে আরো রোদুর

এস. এম. মাহবুব মুর্শেদ

হঠাত আঘাত করে
করোটিতে রোদুর।

সূর্যাহত আমার
করোটি চুঁইয়ে ঢোকে রূপালী আলো।

অতি জাগতিক নিয়মে
আমি হয়ে উঠি কবি,
আমার কবিতা
ফেলে চিন্তায় সমালোচক তাদের...

কেন যে খুঁজতে যান
কবিতার ভুল!
কবিতার শরীর সেতো ঈশ্বরিক নির্মান।

মগজে নড়ে ওঠে তরল রোদুর॥

১৭ অক্টোবর ২০০৩
সন্ধ্যা ৬ টা ৪৫ মিনিট